# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮


তারিখ: ২৫.০১.২০

**প্রেস বিজ্ঞপ্তি**

## প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় আর্থিক পরিস্থিতি অডিট করা হবে : মেয়র শাহাদাত

প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ে  আর্থিক স্বচ্ছতা ফেরাতে  অডিটের মাধ্যমে আর্থিক পরিস্থিতি খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার বিকালে প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের জিইসি ক্যাম্পাসে পুনর্গঠিত বোর্ড অব ট্রাস্টিজে সভায় এ মন্তব্য করেন মেয়র ট্রাস্টি বোর্ডের গৃহিত সিদ্ধান্তের বিষয়ে মেয়র বলেন,  প্রিমিয়ার ইউনিভার্সিটির আর্থিক লেনদেন এবং বর্তমান আর্থিক পরিস্থিতি স্বচ্ছতা নিশ্চিত করার জন্য একটি সিএ ফার্ম এর দ্বারা অডিট করা হবে। এর মাধ্যমে জমা টাকা এবং খরচের খাতগুলোর সঠিক হিসাব নিশ্চিত করা হবে। নতুন ভিসি, প্রোভিসি এবং ট্রেজারার নিযুক্ত না হওয়া পর্যন্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির সমস্ত কার্যক্রম পরিচালনা করবেন। তিনি আরো বলেন, মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী ট্রাস্টি বোর্ডে বর্তমানে ৯জন সদস্য রয়েছেন। এদের মধ্যে ৫ জন সক্রিয়ভাবে মিটিংয়ে অংশগ্রহণ করেছেন, যার মধ্যে ৩ জন সরাসরি এবং ২ জন অনলাইনে যুক্ত ছিলেন। বোর্ডের বাকি ৪ জন সদস্যের মধ্যে একজন সাবেক মেয়র, যিনি মামলার কারণে কার্যক্রমে অংশগ্রহণ করতে পারছেন না। অন্য দুইজন সাবেক প্যানেল মেয়র যারা নেই।  তাদের জায়গায় নতুন সদস্য অন্তর্ভুক্তির বিষয়ে মন্ত্রণালয়ে চিঠি পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য বিভিন্ন কমিটি পুনর্গঠন করা হবে। সভায় উপস্থিত ছিলেন বোর্ড অফ ট্রাস্টিসের সদস্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সদস্য মোহাম্মদ শহীদুল আলম, চট্টগ্রাম বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. অং সুই প্রু মারমা, চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব মো. আশরাফুল আমিন,  প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির।

## শহীদ রাস্ট্রপতি জিয়াউর রহামন বহুদলীয় গণতন্ত্রের প্রতিষ্ঠাতা; মেয়র শাহাদাত

শহীদ জিয়াউর রহামান একটি দলকে বেসরকারি খাতের উন্নয়নের প্রচারের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন অর্জনের উপায় এবং উপায় পরিকল্পনা করতে নিযুক্ত করেন এবং কৃষকদের ভর্তুকিকু ও কৃষি বিপণনের মাধ্যমে কৃষি উন্নয়নের সূচনা করেন। সোমবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়নের উদ্যোগে সিটি কর্পোরেশনের এবাদত খানায় শহীদ রাস্ট্রপতি জিয়াউর রহমানের ৮৯তম জন্মাবার্ষিকী ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আশুরোগ মুক্তি কামনায় আয়োজিত দোয়া ও মিলাদ মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন একথা বলেন। তিনি আরো বলেন, জিয়াউর রহমানের কর্মপরিকল্পনায় একটি ১৯ দফা কর্মসূচী অন্তর্ভুক্ত ছিল যা দেশে দ্রুত আর্থ-সামাজিক পরিবর্তনের উপর জোর দেয়। উন্নয়ন প্রচেষ্টায় জনগণের অংশগ্রহণের মাধ্যমে আর্থ-সামাজিক রূপান্তর এবং স্বনির্ভরতা ও গ্রামীণ উন্নয়ন সাধনই ছিল এই কর্মসূচির মূল লক্ষ্য। তাঁর প্রাথমিক উদ্দেশ্য ছিল কৃষি প্রবৃদ্ধি ত্বরান্বিত করা, জনসংখ্যা নিয়ন্ত্রণ, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা, প্রশাসনের বিকেন্দ্রীকরণ এবং বেসরকারি খাতে বৃহত্তর প্রণোদনা। এটি জনগণের মৌলিক চাহিদা এবং নারী, যুবক এবং শ্রমিকদের বিশেষ চাহিদা মেটাতেও পরিকল্পনা করেন। তাঁর লক্ষ্য ছিল সামাজিক ন্যায়বিচারের ভিত্তিতে একটি রাজনৈতিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা।

দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন বিভাগীয় শ্রমিক দলের সাংগঠনিক সম্পাদক শফিকুর রহমান, দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম, সাবেক কাউন্সিলর ইয়াছিন চৌধুরী আশু, মহানগর যুবদলের সাবেক প্রচার সম্পাদক মাহাবুবুর রহমান, শুলকবহর ওয়ার্ড বিএনপি নেতা হাসান ওসমান, ছাত্রদল নেতা মোস্তাকিম মাহমুদ, আরিফ উদ্দিন রুবেল, চকবাজার থানা ছাত্রদলের যুগ্নআহবায়ক আবদুল কাদের, চসিক জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি কাজী মো.আবু তৈয়ব, সাধারণ সম্পাদক মোহাম্মদ সবুর খান, সাবেক সাধারন সম্পাদক মো. সাইফুল ইসলাম, নাজিম উদ্দিন চৌধুরী, আবদুর রহিম, জাফর আহমদ, শহিদুল ইসলাম চৌধুরী, সেলিম উদ্দিন ভূঁইয়া, জামাল উদ্দিন, জয়নাল আবেদীন জুনু, মীর হারুন, মনসুর শরিফ, হেদায়েত উল্লাহ, মো. বসির, মো. মফজল, মো. শাহ আলম, মো. সেলিম।

## চট্টগ্রাম প্রবাসী ক্লাবের বর্ষপূর্তি অনুষ্ঠানে ডা. শাহাদাত
## প্রবাসী ক্লাব আগামী দিনে সব প্রবাসীদের আস্থার ঠিকানা হবে

চট্টগ্রাম প্রবাসী ক্লাব লিমিটেডের ৪র্থ বর্ষপূর্তি, কৃতি শিক্ষার্থী ও সিআইপি সদস্য সম্মাননা অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, প্রবাসীদের শ্রমে, কষ্টে অর্জিত রেমিটেন্স দেশের অর্থনীতিকে প্রবাহমান রেখেছে। নিজের পরিবার-পরিজন ছেড়ে সুদূর প্রবাসে পাড়ি জমিয়ে যারা দেশের অর্থনীতিকে সচল রেখেছেন তাদের অবদানকে অস্বীকার করা যায় না। ডা. শাহাদাত বলেন,

আপনারা আজ সবাই একটি সংগঠনের মাধ্যমে একত্রিত হয়েছেন, ঐক্যবদ্ধ হতে পেরেছেন এটা ভালো উদ্যোগ। সরকারের কাছে আপনাদের অনেক চাওয়া-পাওয়া আছে। আমরা আশা করব, এদেশে সুষ্ঠুভাবে নির্বাচন হলে একটি নির্বাচিত সরকার ক্ষমতা গ্রহণের পর, জনবান্ধব সরকার ক্ষমাতয় এলে জনগণের দুঃখ-দুর্দশা লাঘব হবে। আমাদের সবাইকে সে উদ্দেশ্যে কাজ করতে হবে। আগামী দিনগুলোতে এ ক্লাব সব প্রবাসীদের আস্থার ঠিকানা হবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

তিনি আজ ২০ জানুয়ারি সোমবার চট্টগ্রাম প্রবাসী ক্লাবের বর্ষপূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সভাপতি মো. শাহনেওয়াজ, চট্টগ্রাম প্রেস ক্লাবের সদস্য সচিব জাহিদুল করিম কচি। চট্টগ্রাম প্রবাসী ক্লাবের সভাপতি খন্দকার এম এ হেলাল সিআইপির সভাপতিত্বে ও মো. ইসমাইল ইমনের সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেফায়াত উল্লাহ কিসমত, মো. মঈনুদ্দিন, দিদারুল আলম, আবু ইউসুফ মামুন, সোহেল সিকদার, নাজিম উদ্দীন সিকদার, আবদুল মান্নান প্রমুখ। অনুষ্ঠানে দুইবারের নির্বাচিত সিআইপি ওমান প্রবাসী মো. আবদুল মান্নানকে সংবর্ধনা দেয়া হয়।

সভাপতির বক্তব্যে খন্দকার এম এ হেলাল সিআইপি বলেন, প্রবাসী ক্লাব প্রবাসীদের সেবা দেয়ার জন্য প্রতিষ্ঠা করা হয়েছে। প্রবাসীরা যাতে দেশে এলে তাদের একটা ঠিকানা হয় সেজন্য এ ক্লাবের পথচলা। তিনি প্রবাসী ক্লাবের সিস্টার কনসার্ন চট্টগ্রাম প্রবাসী ট্রাভেলস এন্ড ট্যুরিজম, প্রবাসী টেলিভিশন, প্রবাসী রিয়েল এস্টে ও প্রবাসী গাড়ি সেবা প্রকল্পের সেবা গ্রহণের সকল প্রবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানান।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮